

**সব প্রাথমিক স্কুলে
মাল্টিমিডিয়া ক্লাসরুম
চালু করা হবে**

যাযায়দিন রিপোর্ট

২০১৬ সালের জুন মাসের মধ্যে দেশের সব সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ক্লাসরুম চালু করা হবে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ডা. মো. আফজালুল আলম। মঙ্গলবার রাজধানীর আগারগাঁও তালতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্থাপিত মাল্টিমিডিয়া ক্লাসরুমের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় মন্ত্রী এ কথা বলেন।

কোর সিলেজ লিমিটেড-রহিমআফরোজ স্যবিক-সহযোগিতায় এই মাল্টিমিডিয়া ডিজিটাল ক্লাসরুম স্থাপন করা হয়েছে। অনুষ্ঠানে স্থানীয় সরকার পৃষ্ঠী উন্নয়ন ও সুবায় প্রতিমন্ত্রী জাহাঙ্গীর কবির নানক, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব কাজী আবতার হোসেন ও অতিরিক্ত সচিব এসএম আশরাফুল ইসলাম এবং ঢাকা বিভাগীয় উপ-পরিচালক ড. মাহফুজুর রহমান বক্তৃতা করেন।

মন্ত্রী বলেন, কোমলমতি শিকারীদের জটিল পাঠ্য সহজে বুঝতে এবং স্মৃতিপটে স্থায়ীভাবে ধরে রাখার জন্য ডিজিটাল পদ্ধতিতে শিক্ষা প্রদানের বিকল্প নেই। এ জন্য বর্তমান সরকার উপজেলার পর্যায়ে ৫০০টি প্রাথমিক মডেল বিদ্যালয়ে একটি করে ল্যাপটপ এবং মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহসহ ইন্টারনেট সংযোগ প্রদান করেছে। এর মাধ্যমে প্রতিটি মডেল স্কুলে মাল্টিমিডিয়া ক্লাসরুম চালু করা হয়েছে। তিনি আরো বলেন, পঞ্চ করে গড়ে ডোলার জন্য প্রতিটি বিদ্যালয়ে ৪ জন শিক্ষককে ডিজিটাল কন্টেন্ট তৈরির প্রশিক্ষণ দেয়া হয়েছে। এ ছাড়া আরো ১ হাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ল্যাপটপ এবং প্রজেক্টর সরবরাহ করা হচ্ছে। এর ধারাবাহিকতায় আগামী ২০১৬ সালের জুন মাসের মধ্যে ৩৭ হাজার ৬৭২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একটি করে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া সরবরাহ করা হবে।